প্রথম আলো

25 APR 2017

# শিক্ষাপদ্ধতি নিয়ে আলোচনা চায় বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাপদ্ধতি তিন সেমিস্টার থেকে দুই সেমিস্টারে নিয়ে আসার বিষয়ে সরকারের সঙ্গে আলোচনা করতে চায় বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি।

গতকাল সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে সমিতির চেয়ারম্যান শেখ কবির হোসেন এ দাবি জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ২৫ বছর ধরে বছরে তিনটি সেমিস্টার পদ্ধতিতে শিক্ষাদান করছে। সরকারের পক্ষ থেকে হঠাৎ করে প্রতিষ্ঠিত ও সফল একটি পদ্ধতিকে ভেঙে দুই সেমিস্টারের নির্দেশনা দেওয়ার বিষয়টি বোধগম্য নয়। এর ফলে শিক্ষার্থীদের খরচ কমবে বলে যে ধারণা দেওয়া হচ্ছে, সেটি প্রকৃত অর্থে বাস্তবসম্মত নয়।

সমিতি মনে করে, দুই সেমিস্টার পদ্ধতি চালু হলে শিক্ষার্থীদের খরচ কমার কোনো কারণ নেই। উল্টো মাসভিত্তিক ফি বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এমন সিদ্ধান্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিকাশে বাধা হয়ে দাঁড়াতে পারে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) বেসরকারি বিশ্ববিদ্যালয়কে তাদের শিক্ষাপদ্ধতি তিন সেমিস্টার থেকে দুই সেমিস্টারে নিয়ে আসার নির্দেশ দিয়েছে। বিজ্ঞপ্তি